গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

সভাপতি	:	মুহঃ রাশেদুল হক প্রধান বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
বিষয়	:	অক্টোবর, ২০২৬ মাসে অনুষ্ঠিত জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা ও সেমিনার এর কার্যবিবরণী।
তারিখ ও সময়	:	২৬/১০/২০২৬ খ্রি. সকাল- ১০.০০ টা।
স্থান	:	সার্কিট হাউস সম্মেলন কক্ষ, লালমনিরহাট।

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক"তে দেখানো হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাটকে গত ২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনানোর আহ্বান জানানো হলে তিনি পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর তিনি সভার কার্যপত্র উপস্থাপন করেন।

সভায় সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, লালমনিরহাট জানান যে, সেপ্টেম্বর, ২০২৬ মাসে লালমনিরহাট জেলার ০৫টি উপজেলার বিভিন্ন বাজার মনিটরিং করা হয়। মনিটরিং এর সময় নিউজ মিডিয়া কর্মীদের সহায়তায় টোলচার্ট প্রদর্শনসহ ভোক্তা অধিকার আইন মেনে চলার ব্যাপারে ব্যাপকভাবে প্রচারণা চালানো হয় ও প্রযোজ্য ক্ষেত্রে জরিমানা করা হয়। সেপ্টেম্বর, ২০২৬ মাসে জেলা ও উপজেলার বাজারে অভিযান পরিচালনাকালে ঔষধের দোকান, মুদিখানা, পাইকারি দোকান, কসমেটিক্স, সার ও কীটনাশকের দোকান, বীজ ভান্ডার, ভ্যারাইটিজ স্টোর, পেট্রোল পাম্প, তেল কারখানা, বেকারী, মিষ্টি উৎপাদনকারী প্রতিষ্ঠান, খাবার হোটেল ও মাংসের দোকানগুলোতে অভিযান পরিচালনা করা হয়। তিনি বাজারে চলমান বিভিন্ন অনিয়ম ও ভোক্তা হয়রানির চিত্র তুলে ধরে উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি জানান হোটেলগুলোতে অবিক্রিত গ্রিল চিকেন ফ্রিজে রেখে পরের দিন আবারও গ্রাহকদের কাছে বিক্রি করা হচ্ছে, যা স্বাস্থ্যের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ। একইভাবে, বেকারি পণ্যগুলো ডেট ওভার হওয়ার পর ফেরত গেলেও তা গোপনে পুনরায় তারিখ পরিবর্তন করে বিক্রি করা হচ্ছে। ফল ও খাদ্যপণ্যে ভেজালের প্রসঙ্গ টেনে তিনি বলেন, কলা আকর্ষণীয় করতে ক্ষতিকর কেমিক্যাল স্প্রে করা হচ্ছে, মুড়ির চালে ব্যবহার করা হচ্ছে বিষাক্ত রাসায়নিক সার এবং বাজারে মিলছে সম্পূর্ণ ভেজাল গুড়। এমনকি সয়াবিন তেলের নামে ভোক্তাদের পাম তেল দিয়ে প্রতারণা করা হচ্ছে এবং ফলের দোকানে ওজনে কম দেয়া নিত্যদিনের চিত্র হয়ে দাঁড়িয়েছে। কেবল খাদ্যপণ্যই নয়, ঈদ ও পূজার মতো উৎসবগুলোতে পরিবহনে বাড়তি ভাড়া নিয়ে সাধারণ মানুষকে ভোগান্তিতে ফেলা হচ্ছে। অন্যদিকে, সার, বীজ ও কীটনাশকের মতো প্রয়োজনীয় কৃষি উপকরণ উচ্চ মূল্যে বিক্রি করে অসাধু চক্র দেশের প্রান্তিক কৃষকদের জিম্মি করে ফেলেছে।

সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, লালমনিরহাট এর বিবরণে দেখা যায় যে, সেপ্টেম্বর, ২০২৬ মাসে পরিচালিত ১০ টি অভিযানে ২৭টি প্রতিষ্ঠানকে মূল্য তালিকা প্রদর্শন না করাসহ অন্যান্য অনিয়ম প্রমাণিত হওয়ায় মোট ১,৩৮,০০০/- (এক এক লক্ষ আটত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

নিম্নলিখিত প্রতিষ্ঠান মালিককে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ক্রঃ নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	জরিমানার পরিমাণ
০১	জান্নাত ফার্মেসী ইন্দ্রিরার পাড় বাজার, সদর	২,০০০/- (দুই হাজার)
০২	প্রিয়াংকা সুইটস বড়বাড়ী বাজার, সদর	৫,০০০/- (পাঁচ হাজার)
০৩	মোজাহিদ স্টের কুমরীরহাট,আদিতমারী	৩,০০০/- (তিন হাজার)
০৪	শরীফ উদ্দিন ফাটিলাইজার দারোগার বাজার, আদিতমারী	৫,০০০/- (পাঁচ হাজার)
০৫	অনুতোষ চাউল কল কালিস্থান, আদিতমারী	১০,০০০/- (দশ হাজার)

CamScanner

০৬	হাসি-খুশি মিষ্টান্ন ভান্ডার রামদেব পাড়া, আদিতমারী	২,০০০/- (দুই হাজার
০৭	জয় মিষ্টি ভান্ডার কাকিনা বাজার, কালীগঞ্জ	৪,০০০/- (চার হাজার)
০৮	মা হোটেল কাকিনা বাজার, কালীগঞ্জ	২,০০০/- দুই হাজার)
০৯	আফসার মাংসের দোকান আলোরুপা মোড়, সদর	১,০০০/- (এক হাজার)
১০	ভাই ভাই ট্রেডার্স আপন পাড়া, সদর	২০,০০০/- বিশ হাজার)
১১	মুর্শিদ ফার্মেসী নামুড়ী বাজার, আদিতমারী	১০,০০০/- (দশ হাজার)
১২	ফাতেমা ফিলিং স্টেশন আদিতমারী বাজার,	২০,০০০/- (বিশ হাজার)
১৩	মুসা ফার্মেসী সাপটানা বাজার, আদিতমারী	২,০০০/- (দুই হাজার)
১৪	থ্রি স্টার রেস্টুরেন্ট ও মিষ্টি স্টেশন বাজার, আদিতমারী	২,০০০/- (দুই হাজার)
১৫	তিন্নি হোটেল স্টেশন বাজার, আদিতমারী	৩,০০০/- (তিন হাজার)
১৬	আমিনা ফাটিলাইজার আমিনগঞ্জ	৫,০০০/- (পাঁচ হাজার)
১৭	হোসেন স্টোর আমিনগঞ্জ বাজার, কালীগঞ্জ	২,০০০/- (দুই হাজার)
১৮	জয়নাল হার্ডওয়্যার আমিনগঞ্জ, বাজার, সদর	৫,০০০/- (পাঁচ হাজার)
১৯	জনতা বীজ ফাউন্ডেশন মহেন্দ্রনগর বাজার, সদর	১০,০০০/- (দশ হাজার)
২০	ভাই ভাই বেকারী মোস্তফী বাজার, সদর	৫,০০০/- (পাঁচ হাজার)
২১	সোহেল ফাটিলাইজার মোস্তফী বাজার, সদর	৫,০০০/- (পাঁচ হাজার)
২২	আদিল ভ্যারাইটিজ কাকিনাবাজার, কালীগঞ্জ	৩,০০০/- (তিন হাজার)
২৩	বিসমিল্লাহ খাদ্য ভান্ডার কাকিনা বাজার,	৩,০০০/- (তিন হাজার)
২৪	নুরজামান হোটেল স্টেশন বাজার, হাতিবান্ধা	৩,০০০/- (তিন হাজার)
২৫	জীম ফার্মেসী নয়ার হাট, সদর	১,০০০/- এক হাজার
২৬	জেরিন ট্রেডার্স নয়ার হাট, সদর	৩,০০০/- (তিন হাজার)
২৭	চৌধুরী হোটেল কুলাঘাট বাজার, সদর	২,০০০/- (দুই হাজার)
	মোট টাকার পরিমাণ	১,৩৮,০০০/- (এক লক্ষ আটত্রিশ)

"কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর প্রতিনিধি ভোক্তা অধিকার লঙ্ঘনের বিভিন্ন চিত্র তুলে ধরে তীব্র ক্ষোভ প্রকাশ করেন। "অনলাইন ও অফলাইন উভয় ক্ষেত্রেই ভোক্তারা চরম হয়রানি ও প্রতারণার শিকার হচ্ছেন বলে মন্তব্য করেছেন ক্যাব প্রতিনিধি। তিনি বলেন, 'একই দোকানদার বারবার বোতলে পরিমাপে কম দিয়ে পার পেয়ে যাচ্ছেন। অন্যদিকে অনলাইন কেনাকাটায় প্রতারণা নিত্যদিনের বিষয় হয়ে দাঁড়িয়েছে—পণ্য পছন্দ না হলেও ভোক্তাকে অন্যায্যভাবে সার্ভিস চার্জ দিতে বাধ্য করা হচ্ছে।' এই সমস্ত অনিয়ম প্রতিরোধে বিদ্যমান আইনের কঠোর ও দৃষ্টান্তমূলক প্রয়োগের দাবি জানান তিনি। পাশাপাশি, অসাধু ব্যবসায়ীদের রুখতে আইনি কাঠামোকে আরও শক্তিশালী ও কঠোর করার বিষয়ে তিনি বিশেষ গুরুত্বারোপ করেন।

সভায় জনাব জাকির হোসেন, প্রতিনিধি আইরিন ভ্যারাইটিজ স্টোর সেনামৈত্রি লালমনিরহাট, জানান যে তাদের প্রতিষ্ঠানে সর্বদা পণ্যের গুণগত মান অক্ষুণ্ন রাখা হয়। তিনি জানান, তাদের দোকানে কোনো ধরনের ভেজাল, মেয়াদোত্তীর্ণ কিংবা বাজারমূল্যের চেয়ে অতিরিক্ত মূল্যে কোনো পণ্য বিক্রয় করা হয় না। গ্রাহকদের নিরাপদ, মানসম্মত ও সঠিক মূল্যে পণ্য সরবরাহ করাই তাদের মূল লক্ষ্য এবং ব্যবসায়িক সততার মূল ভিত্তি।

সভায় স্যানিটারী ইন্সপেক্টর, লালমনিরহাট জানান যে ক্রেতারা যাতে পানি মিশ্রিত বা ভেজাল দুধ কিনে প্রতারিত না হন এবং ওজনে সঠিক পরিমাণ পান, তা নিশ্চিত করতে জেলাজুড়ে বিশেষ অভিযান চালানো হচ্ছে। এরই অংশ হিসেবে লালমনিরহাটের বিভিন্ন হাট-বাজারে ল্যাক্টোমিটার যন্ত্রের সাহায্যে দুধের গুণগত মান পরীক্ষা করা হচ্ছে একইসঙ্গে দুধের ভেজাল রোধে ও সঠিক ওজন বজায় রাখতে নিয়মিত মনিটরিং চলমান আছে মর্মে সভায় অবহিত করেন।

সভায় জনাব মো: আব্দুল হাকিম, সভাপতি বিসিআইসি সার ডিলার এসোসিয়েশন লালমনিরহাট দেশের সার্বিক পরিস্থিতি ও গ্রাহক ভোগান্তির বিষয়টি তুলে ধরে বলেন বাজারে একধরণের অসঙ্গতি দেখা যাচ্ছে। মাঠ পর্যায়ে বহ সিলিন্ডার অবিকৃত অবস্থায় পড়ে আছে, কিন্তু সেগুলোতে ভরার মতো পর্যাপ্ত গ্যাস নেই। আবার গ্যাসের সরবরাহ ও মজুত থাকলেও, সাধারণ মানুষের কাছে তা পৌঁছে দেওয়ার জন্য প্রয়োজনীয় সিলিন্ডারের ঘাটতি দেখা যাচ্ছে। এই চরম অব্যবস্থাপনা ও সমন্বয়হীনতার সরাসরি খেসারত দিতে হচ্ছে সাধারণ ভোক্তাদের। গ্যাস ও সিলিন্ডারের এই অসম বণ্টনের ফলে গ্রাহক পর্যায়ে মারাত্মক ভোগান্তি ও অসন্তোষ তৈরি হচ্ছে, যা দ্রুত নিরসন করা প্রয়োজন মর্মে মতামত ব্যাক্ত করেন।

CamScanner

সভায় নিরাপদ খাদ্য কর্মকর্তা জানান, নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান, জনস্বাস্থ্যের সুরক্ষায় এবং ভেজালমুক্ত খাদ্য নিশ্চিতকরণে, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তার প্রত্যক্ষ তত্ত্বাবধানে জেলার বিভিন্ন স্কুল, কলেজ, জনাকীর্ণ মোড় এবং খাবার স্টলগুলোতে ধারাবাহিক সভা, সেমিনার ও সচেতনতামূলক উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। একইসঙ্গে লাইসেন্স বিহীন কোন ব্যবসায়িক প্রতিষ্ঠান যাতে ব্যবসা করতে না পারে সে বিষয়ে নিয়মিত অভিযান এবং সরকারি সিদ্ধান্ত মোতাবেক লাইসেন্স করার বিষয়ে প্রচারণা কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন।

সভায় যুগ্ম পরিচালক, এনএসআই, লালমনিরহাট জানান, ভেজাল দুধ, ক্ষতিকর কেমিক্যালযুক্ত মিষ্টি এবং কাপড়ের রং বা ভেজাল গুড় দিয়ে জিলাপি তৈরি করা অত্যন্ত উদ্বেগজনক এবং এটি জনস্বাস্থ্যের জন্য এক বিরাট হুমকি। একইসঙ্গে অসাধু সার ব্যবসায়ীদের (ডিলার) সার অবৈধ মজুদ ও অব্যবস্থাপনার কারণে কৃষকরা যেন সার পাওয়া থেকে বঞ্চিত না হন সেবিষয়ে নিয়মিত অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনা করার উপর গুরুত্ব আরোপ করেন।

সভায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জানান, প্রতারক ব্যবসায়ীগণ বিভিন্ন পণ্যে ভেজাল মিশিয়ে বাজারে বিক্রি করছে। ভেজাল পণ্যসামগ্রী শরীরে নানা রোগব্যাধি সৃষ্টি করে। জনস্বাস্থ্যের সুরক্ষা নিশ্চিতকরণে অসাধু ব্যবসায়ীগণকে কঠোর শাস্তির আওতায় আনার উপর গুরুত্বরোপ করেন।

জেলা প্রশাসনের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক সেপ্টেম্বর, ২০২৬ মাসে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-অনুযায়ী নিম্নলিখিত অভিযান পরিচালিত হয়েছে।

ক্রম	মোবাইল কোর্ট পরিচালনাকারী বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট গণের নাম/পদবী	অভিযান	মামলা	জরিমানা	কারাদন্ড
০১	জনাব মীর ফয়সাল আলী, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট	০৬	১২	২৬০০০/-	০০
০২	জনাব মোঃ রাকিবুল ইসলাম, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট	০২	০৫	৪,৫০০/-	০০
০৩	জনাব মোঃ শাহরিয়ার তানভীর আহমেদ, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।	০২	০৩	৯,০০০/-	০০
০৪	জনাব মোঃ মামুনুর রশিদ, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট	০৩	০৪	৬,১০০/-	০০
০৫	জনাব মোঃ আল-আমিন, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট	০৪	০৭	৯,৫০০/-	০০
	মোট=	১৭	৩১	৫৫,১০০/-	০০

সভায় সভাপতি মহোদয় শেয়ার ইকোনমি ও অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহারের ক্ষেত্রে ডেটা প্রাইভেসি বা ব্যক্তিগত তথ্যের সুরক্ষার ওপর বিশেষ জোর দিয়েছেন। অনলাইন প্ল্যাটফর্মগুলো থেকে পণ্য বা সেবা নেওয়ার সময় আমাদের ব্যক্তিগত পরিচিতি ও সংবেদনশীল তথ্য সেখানে শেয়ার করা হয়। যথাযথ সুরক্ষার অভাবে এই তথ্যের অপব্যবহার হতে পারে, যা নাগরিকের ব্যক্তিগত গোপনীয়তা ও নিরাপত্তার জন্য বড় ধরনের হুমকি। ডিজিটাল মাধ্যমে লেনদেনের ক্ষেত্রে গোপনীয়তা ও সাইবার নিরাপত্তা বজায় রাখার বিষয়ে সচেতন হওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। একইসঙ্গে প্রতিটি ব্যবসাপ্রতিষ্ঠানের জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে ট্রেড লাইসেন্স, ডিলিং লাইসেন্সসহ অন্যান্য প্রয়োজনীয় লাইসেন্স ও অনুমোদন গ্রহণ করার উপর গুরুত্বরোপ করেন।

CamScanner

সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	i) জেলার মুদিখানা, পাইকারি দোকান, কসমেটিক্স এর দোকান, ভ্যারাইটিজ স্টোর, তেল কারখানা, বেকারী, সেমাই তৈরির কারখানা, মিষ্টি উৎপাদনকারী প্রতিষ্ঠান, খাবার হোটেল ও মাংসের দোকানসমূহে সেবা মূলক প্রতিষ্ঠানে ভোগ্যপণ্য বিক্রয়ের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে স্বাস্থ্যবিধি মানাসহ ব্যানারের মাধ্যমে মূল্য তালিকা প্রদর্শনের জন্য পরামর্শ প্রদান করতে হবে। ii) জেলার কোনো হোটেল বা রেঁস্তোরায় বাসি, পঁচা নষ্ট খাবার যেন বিক্রি করতে না পারে সেবিষয়ে মোবাইল কোর্ট পরিচালনাকালে অধিক গুরুত্ব দিতে হবে এবং আইনগত ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করতে হবে।	১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল) লালমনিরহাট। ৩) সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), লালমনিরহাট। ৪) সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, লালমনিরহাট। ৫) জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা, লালমনিরহাট। ৬) স্যানিটারি ইন্সপেক্টর, (সকল), লালমনিরহাট।
০২	ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর লিফলেট ইলেকট্রনিক মিডিয়ার কর্মীগণের মাধ্যমে ব্যাপকভাবে প্রচার করতে হবে এবং এর প্রমাণস্বরূপ কার্যক্রমের ছবি (পিকচার) সংরক্ষণ করতে হবে একইসঙ্গে কোন এলাকায় কতগুলো লিফলেট বিতরণ করা হয়েছে তার বিবরণী আগামী সভায় দাখিল করতে হবে।	সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, লালমনিরহাট।
০৩	ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর অধীনে কতজন অভিযোগ করেছে, কতটি অভিযোগ নিষ্পত্তি হয়েছে এবং অভিযোগকারীর মধ্যে কতজন ২৫% ক্ষতিপূরণ পেয়েছে তার বিস্তারিত বিবরণ দাখিল করতে হবে।	
০৪	গরুর দুধ বিক্রয় করার সময় পরিমাপের ক্ষেত্রে ল্যাক্টোমিটার ব্যবহার করে দেখতে হবে পানি মিশ্রিত দুধ বিক্রি করছে কিনা এবং দুধ ওজনে সঠিক দিয়েছে কিনা।	১) সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, লালমনিরহাট। ২) স্যানিটারি ইন্সপেক্টর (সকল), লালমনিরহাট।
০৫	জেলার সকল দোকানে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখা নিশ্চিতকরণসহ ভেজাল খাদ্য ও মেয়াদোত্তীর্ণ পণ্যের বিরুদ্ধে প্রতিমাসে এ জেলায় কমপক্ষে ১৫টি অভিযান/মতবিনিময় সভা/মোবাইল কোর্ট (প্রতি উপজেলায় কমপক্ষে ০৩টি করে) পরিচালনা করতে হবে।	১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। ৩) সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), লালমনিরহাট।
০৬	(i) জেলায় অনুমোদিত সকল ডায়াগনস্টিক সেন্টারে মেয়াদোত্তীর্ণ রিয়াজেন্ট ব্যবহার হচ্ছে কিনা তা খতিয়ে দেখতে হবে। (ii) জেলার যে সকল ক্লিনিক,কলিকাতা হারবাল, হোমিওপ্যাথি, আয়ুর্বেদী ওষুধের দোকানের অনুমোদন নেই বা লাইসেন্স নেই সেসকল ক্লিনিকে নিয়মিত অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। (iii) বিএমডিসি সনদপ্রাপ্ত ডাক্তারের প্রেসক্রিপশন ব্যতীত অ্যান্টিবায়োটিক ঔষধ বিক্রয় প্রতিরোধে অভিযান পরিচালনা করতে হবে।	১) সিভিল সার্জন, লালমনিরহাট। ২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। ৪) সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), লালমনিরহাট। ৫) সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, লালমনিরহাট। ৬) ঔষধ তত্ত্বাবধায়ক, লালমনিরহাট।
০৭	মাংস ক্রয় ও বিক্রয়ের ক্ষেত্রে শেল্ফ লাইফ নিশ্চিত করার বিষয়ে সাধারণ ক্রেতা ও মাংস ব্যবসায়ীদের সচেতন করতে প্রত্যেক উপজেলায় প্রচারণার ব্যবস্থা করতে হবে।	১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। ২) সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, লালমনিরহাট। ৩) জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা, লালমনিরহাট।
০৮	অসাধু সার ব্যবসায়ীদের (ডিলার) অবৈধ মজুদদারি, কৃত্রিম সংকট সৃষ্টি এবং অব্যবস্থাপনা রোধে মাঠ পর্যায়ে নিয়মিত তদারকি জোরদার করতে হবে; কৃষকদের সার প্রাপ্তি নির্বিঘ্ন করার লক্ষ্যে জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক নিয়মিত বিশেষ অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা নিশ্চিত করতে হবে।	১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। ৩) সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, লালমনিরহাট। ৪) জেলা কৃষি বিপণন কর্মকর্তা, লালমনিরহাট।

CamScanner

০৯	জেলার পেট্রোল পাম্পগুলো হতে সঠিক ওজনে তেল বিক্রয় হচ্ছে কি না সে বিষয়ে নিয়মিত অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। ৩)সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), লালমনিরহাট। ৪) সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, লালমনিরহাট।
১০	উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে পরামর্শক্রমে স্কুলের বাচ্চাদেরকে নিয়ে প্রতিমাসে উপজেলায় কমপক্ষে ০১ টি করে জনসচেতনতামূলক সভা আয়োজন করতে হবে।	১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। ২) জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা, লালমনিরহাট। ৩) জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মানিত সদস্যবৃন্দকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আন্তরিক হওয়ার অনুরোধ এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মুহঃ রাশেদুল হক প্রধান
জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট
ফোন-০২৫৮৯-৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৫২০০.০০৫.০৮.০১০.১৮- ১১৯৪

তারিখ ১০ কার্তিক ১৪৩৩
২৬ অক্টোবর ২০২৬

অক্টোবর/২৬ মাসে অনুষ্ঠিত জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভার কার্যবিবরণী সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার(টিসিবি ভবন-৮মতলা), ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। উপ-সচিব, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
৪। উপ-পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রংপুর।
৫। ..... লালমনিরহাট।
৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম, লালমনিরহাট।
৮। সহকারী কমিশনার (ভূমি), সদর/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম, লালমনিরহাট।
৯। জনাব ..... , সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
১০। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (কার্যবিবরণীটি ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধ করা হলো)
১১। ..... ও সদস্য, জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি, লালমনিরহাট।

জি, আর, সারোয়ার
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোনঃ ০২৫৮৯-৯৮৬৮৬৮
admlalmonirhat@mopa.gov.bd

CamScanner